

ফেংশুই

পশ্চিমে বৈঠকখানায় হাওয়াঘন্টা দুলছে
প্রবেশদ্বারের সম্মুখে হাস্যোজ্জ্বল বৌদ্ধ মূর্তি
দরজার পাশে শুভ চীনা মুদ্রা
কোথায় রাখবো স্মৃতিচিহ্ন
কোথায় রাখবো তোমার বসার আসন
কোথায় রাখবো শরীরী শাসন
নতজানু, হৃদয় মন্দির শূন্য আজ

অমিত কাশ্যপ

